যায়যায়দিন

তারিখ 29 JAN 2009
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

# ভকেশনাল শিক্ষাক্রমের বোর্ড বইয়ের সঙ্কট রাজশাহীতে

রাজশাহী অফিস ও বাগমারা সংবাদদাতা

রাজশাহীতে এখন পর্যন্ত কোথাও ভোকেশনাল শিক্ষাক্রমের বোর্ড বই পৌঁছেনি। এ নিয়ে ছাত্র-অভিভাবকদের মধ্যে দেখা দিয়েছে উৎকণ্ঠা। কবে নাগাদ বই পৌঁছবে সে ব্যাপারে কোনো নিশ্চয়তা কেউ দিচ্ছে না। এছাড়া রাজশাহীতে মাধ্যমিক পর্যায়ের সব বইও এখনো বাজারে আসেনি। ফলে চরম ভোগান্তিতে পড়তে হচ্ছে শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের।

রাজশাহী জেলার প্রায় ১০ হাজার শিক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ভকেশনাল শিক্ষাক্রমের আওতায় চালু থাকা নবম-দশম শ্রেণীতে লেখাপড়া করছে। বোর্ড বই না পাওয়ায় পাঠদান নিয়ে শিক্ষকরাও সমস্যায় পড়েছেন। অনেকে শিক্ষার্থী আবার বাধ্য হয়ে কিনছেন বিভিন্ন প্রকাশনীর গাইড বই। গাইড আর বইয়ের প্রশ্নের উত্তর এক ধরনের না হওয়ায় শিক্ষার্থী ও শিক্ষকরা বিদ্যালয়ের পাঠদান নিয়ে জটিলতায় পড়েছেন। কোনোভাবেই গাইড বইয়ের ওপর নির্ভর করা উচিত হবে না বলে শিক্ষকরা জানান। বাগমারা আদর্শ টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের ভোক শাখার শিক্ষক মো. হেলাল উদ্দিন বলেন, নির্ধারিত তারিখ অনুযায়ী বোর্ড বই না পাওয়ায় ক্লাস শুরু করতে পারছেন না তারা। বাগমারা বিহানালী ভকেশনালের অর্ধশতাধিক ছাত্রছাত্রী বলেছে, বোর্ড বই না পাওয়ায় তাদের ক্লাস এখনো শুরু হয়নি।